**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ১৬ এপ্রিল ২০১৫, ৩ বৈশাখ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। যত বড় চ্যালেঞ্জই আসুক, মোকাবিলা করেই এগিয়ে যাব : প্রধানমন্ত্রী
২। বঙ্গবন্ধু সেতুর ফাটল মেরামতে চীনা ঠিকাদার নিয়োগ
৩। বিলুপ্তপ্রায় ক্ষুদ্র ও কুটির শিল্পের পুনরুদ্ধারে নতুন প্রকল্প
৪। সিঙ্গাপুরের সঙ্গে ৭শ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপনে এমওইউ সই
৫। চলতি বছরের নয় মাসে জিডিপি প্রবৃদ্ধি ৬.৫ শতাংশ : সংবাদ সম্মেলনে পরিকল্পনামন্ত্রী
৬। রাজধানীতে টিনশেড বাড়ি ধসে নারী-শিশুসহ নিহত ১১
৭। বিধি ভঙ্গ করলে প্রার্থিতা বাতিল করা হবে : নির্বাচন কমিশন
৮। বাংলাদেশ বিনিয়োগের একটি সম্ভাবনাময় দেশ : মার্কিন রাষ্ট্রদূত
৯। তারেক রহমানের বিরুদ্ধে ইন্টারপোলের রেড এলার্ট
১০। অশুভ শক্তি রুখে দাঁড়ানোর প্রত্যয়ে নববর্ষ উদযাপন
১১। আইসিডিডিআরবিতে ঘণ্টায় ২১ জন নতুন রোগী ভর্তি হচ্ছে
: তীব্র গরমে রাজধানীতে ডায়রিয়ার প্রকোপ

চলমান পাতা/২

১। যত বড় চ্যালেঞ্জই আসুক, মোকাবিলা করেই এগিয়ে যাব : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলা করে সামনে এগিয়ে যাওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেছেন, আমরা মুক্তিযুদ্ধ করে বিজয়ী জাতি। তাই কারোর কাছে আমরা মাথা নত করব না। যে যত বড় চ্যালেঞ্জ দিক, আমরা তা মোকাবিলা করেই সামনে এগিয়ে যাব, দেশকে এগিয়ে নেব। আর যুদ্ধাপরাধীদের বিচার চলছে, কার্যকরও হবে। গতকাল ১৫ এপ্রিল বুধবার গণভবনে কলামিস্ট, লেখক, টকশো'র আলোচক ও সঞ্চালকসহ বিভিন্ন পর্যায়ের সিনিয়র সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় এবং ১৪ এপ্রিল মঙ্গলবার সর্বস্তরের মানুষের সঙ্গে বাংলা নববর্ষের শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৫), যুগান্তর (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৪)।

২। বঙ্গবন্ধু সেতুর ফাটল মেরামতে চীনা ঠিকাদার নিয়োগ

বঙ্গবন্ধু সেতুর ফাটল মেরামতে চীনা ঠিকাদার নিয়োগ দিয়েছে সরকার। এতে ব্যয় হবে ১০৯ কোটি টাকা। সচিবালয়ে গতকাল ১৫ এপ্রিল বুধবার সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ঠিকাদার নিয়োগের এই প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত দেশের বাইরে থাকায় শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-যায়যায়দিন (পৃ.১৫,ক.৭)।

৩। বিলুপ্তপ্রায় ক্ষুদ্র ও কুটির শিল্পের পুনরুদ্ধারে নতুন প্রকল্প

দেশের বিলুপ্তপ্রায় ক্ষুদ্র ও কুটির শিল্পগুলোকে পুনরুদ্ধারে নতুন প্রকল্প নিতে যাচ্ছে শিল্প মন্ত্রণালয়। সম্প্রতি মন্ত্রিপরিষদে অনুমোদিত হস্ত ও কারুশিল্প নীতিমালা, ২০১৫-এর আলোকে এ প্রকল্প নেওয়া হচ্ছে। বাংলা একাডেমি প্রাঙ্গণে গত ১৪ এপ্রিল মঙ্গলবার বৈশাখী মেলার উদ্বোধন অনুষ্ঠানে শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এ কথা জানান। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এবং বাংলা একাডেমি যৌথভাবে এ মেলার আয়োজন করে। সূত্র-সংবাদ (পৃ.১৪,ক.৪), প্রথম আলো (পৃ.১৪,ক.৪), নয়া দিগন্ত (শেষ পৃ.,ক.৪)।

৪। সিঙ্গাপুরের সঙ্গে ৭শ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপনে এমওইউ সই

কক্সবাজারের মাতারবাড়িতে ৭শ মেগাওয়াট কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনের জন্য সিঙ্গাপুরের রাষ্ট্রীয় সংস্থা ইন্টারন্যাশনাল এন্টারপ্রাইজের (আইই) সঙ্গে বাংলাদেশের বিদ্যুৎ বিভাগের সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। গতকাল ১৫ এপ্রিল বুধবার সিঙ্গাপুরের স্যান্ডস এক্সপো অ্যান্ড কনভেনশন সেন্টারে এক অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব আনোয়ার হোসেন এবং সিঙ্গাপুরের পক্ষে স্বাক্ষর করেন ইন্টারন্যাশনাল এন্টারপ্রাইজের প্রধান নির্বাহী কর্মকর্তা টেও ইং চীয়ং। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৫), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬)।

৫। চলতি বছরের নয় মাসে জিডিপি প্রবৃদ্ধি ৬.৫ শতাংশ : সংবাদ সম্মেলনে পরিকল্পনামন্ত্রী

বিশ্বব্যাংকসহ বিভিন্ন আন্তর্জাতিক ও দেশীয় গবেষণা সংস্থা যখন চলতি বছরের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি ৬ শতাংশ হবে কি না এ নিয়ে সন্দিহান, ঠিক তখনই পরিকল্পনামন্ত্রী দাবি করলেন, এ বছরের নয় মাস পর্যন্ত প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৬ দশমিক ৫ শতাংশ। পরিকল্পনা মন্ত্রণালয় আয়োজিত মিট দ্য প্রেস অনুষ্ঠানে মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল গতকাল ১৫ এপ্রিল বুধবার বলেন, চলতি অর্থবছরের নয় মাসে (জুলাই-মার্চ) বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৬ দশমিক ৫ শতাংশ। সূত্র-প্রথম আলো (পৃ.১৪,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.৮), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৩), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.১)।

৬। রাজধানীতে টিনশেড বাড়ি ধসে নারী-শিশুসহ নিহত ১১

রাজধানীর রামপুরার হাজীপাড়ায় ঝিলের ওপর মাচা বানিয়ে তৈরি একটি টিনশেড দোতলা বাড়ি ধসে গিয়ে একই পরিবারের তিনজনসহ ১১ জন নিহত হয়েছেন। গতকাল ১৫ এপ্রিল বুধবার বিকেল সাড়ে ৩টার দিকে হাজীপাড়া নতুন রাস্তা বউবাজার এলাকায় এ ঘটনা ঘটে। টিনশেড দুইতলা বাড়িটিতে ২৮টি ঘর ছিল, এর নিচতলা পানির মধ্যে ধসে গেলে এই হতাহতের ঘটনা ঘটে বলে জানিয়েছেন ফায়ার সার্ভিসের ঢাকা অঞ্চলের উপ-পরিচালক এ বি এম নুরুল হক। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.৪)। ভোরের কাগজ, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। বিধি ভঙ্গ করলে প্রার্থিতা বাতিল করা হবে : নির্বাচন কমিশন

আচরণবিধি লজ্ঘন করে কোনো প্রার্থী মিছিল করলে তার প্রর্থিতা বাতিল করা হবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন নির্বাচন কমিশনার মো. শাহ নেওয়াজ। তিনি বলেছেন, আচরণবিধি অনুসারে কোনো প্রার্থীর পক্ষে মিছিল করা সম্পূর্ণ বেআইনী। কেউ যদি কোনো প্রার্থীর পক্ষে মিছিল করেন অথবা করার চেষ্টা করেন, তাদের জরিমানা করা হবে। গতকাল ১৫ এপ্রিল বুধবার নির্বাচন কমিশন সচিবালয়ে নিজকক্ষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি আরো বলেন, কোনো প্রার্থী অতিরিক্ত বাড়াবাড়ি করলে প্রার্থিতা বাতিল করার নির্দেশ রিটার্নিং কর্মকর্তাদের দেওয়া আছে। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.৮), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)।

৮।	বাংলাদেশ বিনিয়োগের একটি সম্ভাবনাময় দেশ : মার্কিন রাষ্ট্রদূত

বাংলাদেশের সঙ্গে বাণিজ্যিক সম্পৃক্ততা দৃঢ় করতে সম্ভাব্য সব রকম পদক্ষেপ যুক্তরাষ্ট্র নেবে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাট। তিনি বলেছেন, বিনিয়োগের জন্য বাংলাদেশ একটি সম্ভাবনাময় দেশ এবং যুক্তরাষ্ট্রের বড় বড় ব্যবসা প্রতিষ্ঠান এদেশে বিনিয়োগে আগ্রহী। আমেরিকান চেম্বার ইন কমার্স, বাংলাদেশের (অ্যামচেম) মধ্যাহ্ন ভোজ সভায় মার্কিন রাষ্ট্রদূত এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.১৫,ক.৬), যুগান্তর (পৃ.২,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৯।	তারেক রহমানের বিরুদ্ধে ইন্টারপোলের রেড এলার্ট

বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার বড় ছেলে বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে ইন্টারপোলের নোটিশে রেড এলার্ট জারি করা হয়েছে। ২১ আগস্ট গ্রেনেড হামলার মামলায় পলাতক আসামি হিসেবে লন্ডনে অবস্থানরত তারেক রহমানের বিরুদ্ধে রেড  এলার্ট জারি করেছে ফ্রান্সে অবস্থিত পুলিশের আন্তর্জাতিক সংস্থা ইন্টারপোল। তারপর তার বিরুদ্ধে রেড এলার্ট জারির বিষয়টি জানিয়ে দেওয়া হয়েছে পৃথিবীর ১৯০টি সদস্য দেশকে। গত ১৪ এপ্রিল মঙ্গলবার তার বিরুদ্ধে রেড এলার্ট জারি করা হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

১০।	অশুভ শক্তি রুখে দাঁড়ানোর প্রত্যয়ে নববর্ষ উদযাপন

পহেলা বৈশাখে প্রভাতের আলো ফোটার সাথে সাথে উৎসবে মেতে উঠেছিল পুরো জাতি। শুভ সম্ভাবনার নতুন দিন আনবার প্রত্যাশায় প্রাণের উচ্ছ্বাসে মেতেছিল সবাই; কিন্তু পহেলা বৈশাখ জাতির জীবনে আসে দিনবদলের অঙ্গীকার নিয়ে। অশুভ শক্তি, সহিংস রাজনীতি, দেশ ধ্বংসের চক্রান্তকারীদের শক্তির বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয়ের মধ্য দিয়ে পালিত হলো এবারের নববর্ষ। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৮), নিউজ টুডে (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮)।

১১।	আইসিডিডিআরবিতে ঘণ্টায় ২১ জন নতুন রোগী ভর্তি হচ্ছে
	: তীব্র গরমে রাজধানীতে ডায়রিয়ার প্রকোপ

তীব্র গরমে রাজধানীতে ডায়রিয়ায় আক্রান্তের সংখ্যা বেড়েছে। নগরীর আইসিডিডিআরবিতে গড়ে ঘণ্টায় প্রায় ২১ জন নতুন রোগী ভর্তি হচ্ছে। যা স্বাভাবিক অবস্থার দ্বিগুণ। রাজধানীর অন্য সব হাসপাতাল ও ক্লিনিকেও ভর্তি হচ্ছে নতুন ডায়রিয়া রোগী। ডায়রিয়ার প্রাদুর্ভাব সামাল দিতে বিশেষ ব্যবস্থা গ্রহণের বিষয়টি বিবেচনায় রেখেছে আইসিডিডিআরবি কর্তৃপক্ষ। রোগী শয্যা, চুক্তিভিত্তিক চিকিৎসক, নার্স ও ভল্যান্টিয়ারের সংখ্যা বাড়ানো হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩, ক.৪)।

## সম্পাদকীয়

ক.	প্রথম আলো, যুগান্তর : আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচনে সব প্রার্থীর সমান সুযোগ নিশ্চিত করার জন্য নির্বাচনী আইন ও বিধিভঙ্গের বিরুদ্ধে নির্বাচন কমিশনকে (ইসি) কঠোর হওয়ার সুপারিশ;

খ.	সংবাদ, ইত্তেফাক, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট : রাজনৈতিক সহিংসতার কারণে চলতি অর্থবছরে বাংলাদেশের উৎপাদন ব্যবস্থায় ১৭ হাজার কোটি টাকারও বেশি ক্ষতি হতে পারে বিশ্বব্যাংকের এ প্রতিবেদনে উদ্বেগ প্রকাশ করে রাজনৈতিক স্থিতিশীলতা প্রতিষ্ঠা করতে হলে সব রাজনৈতিক দলগুলোকে দেশের উন্নতির প্রশ্নে ঐকমত্যে পৌঁছার আহ্বান;

গ.	ইত্তেফাক, ইনকিলাব : রাজবাড়ি রেল স্টেশনে আন্তঃনগর ফরিদপুর এক্সপ্রেস উল্টোপথে প্রায় ২৬ কিলোমিটার চালকবিহীন অবস্থায় চলার ঘটনা উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে কঠোর শাস্তির দাবি;

ঘ.	সমকাল : সুনামগঞ্জ-বিশ্বম্ভরপুর-তাহিরপুর সড়ক যান চলাচলের অনুপযোগী হয়ে পড়ায় বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই এসব সড়কের মেরামত কাজ সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ;

ঙ.	জনকণ্ঠ : মানবাধিকার সংগঠনগুলোকে তাদের নীতি বজায় রেখে জনবান্ধব হয়ে কাজ করার আহ্বান;

চ.	ডেইলি স্টার, নিউ নেশন : বিশ্ববাজারে তেলের মূল্য হ্রাস পাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশে আন্তর্জাতিক তেলের মূল্যের সাথে অভ্যন্তরীণ মূল্যের ব্যবধান কমিয়ে আনার সুপারিশ;

জ.	ডেইলি সান : পুষ্টিমানের বিবেচনায় স্ট্রবেরি, রামবুটান, সেনটল, ড্রাগন ফলের মত বিদেশি ফলগুলোর চাষ বাড়াতে কৃষকদের উৎসাহিত করার ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঝ.	নিউজ টুডে : পাট খাতের সংকট সমাধানে পাট জাতীয় পণ্যের রপ্তানি বৃদ্ধির সুপারিশ;

ঞ.	নিউ এজ : সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র ও কাউন্সিলর পদে নারীদের অংশগ্রহণ তুলনামূলকভাবে এবার কমে যাওয়া নারীর ক্ষমতায়নের প্রত্যাশিত লক্ষণ নয় বলে অভিমত জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে একটি সুষ্ঠু ও কারচুপিবিহীন সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠানে জনগণের আকাঙ্ক্ষা পূরণে নির্বাচন কমিশনকে সচেষ্ট হতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘বর্তমান শিক্ষাধারা ও জ্ঞান বিকাশের প্রশ্ন’ শিরোনামের নিবন্ধে তৌহিদুল হক রাজনীতিকে শিক্ষার উন্নয়নে ব্যবহার করে জনকল্যাণ নিশ্চিত করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা